# প্রথম অধ্যায়: অর্থায়ন ও ব্যবসায় অর্থায়ন

## পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ▶১** জনাব সাদমান আহনাফ একটি বেসরকারি প্রতিষ্ঠানে উপ-ব্যবস্থাপক হিসেবে কর্মরত আছেন। তার মাসিক বেতনের পরিমাণ ৮০,০০০ টাকা। প্রাপ্ত বেতন দিয়ে জনাব সাদমান আহনাফ তার বাড়ি ভাড়া, পারিবারিক খরচ, ছেলেমেয়ের পড়াশোনা খরচ এবং চিকিৎসা খরচসহ বিভিন্ন খরচের অর্থ পরিশোধ করেন। মাস শেষে দেখা যায়, তার হাতে খুব বেশি পরিমাণ টানা থাকে না। ইচ্ছা থাকলেও তিনি তার বেতন থেকে কিছু অর্থ বাড়ি নির্মাণের কাজে ব্যবহার করতে পারেন না। অর্থের সংকটে পড়ে তিনি একটি ব্যাংক থেকে ঋণ নিয়ে বাড়ির কাজ চালিয়ে নেন। ◀ *শিখনফল-৩*

ক. চলতি বিনিয়োগ সিদ্ধান্ত কী? ১
খ. অর্থায়ন সিদ্ধান্ত বলতে কী বোঝায়? ২
গ. জনাব সাদমান আহনাফ তার বেতনের টাকা কোন ধরনের অর্থায়নে ব্যবহার করেন?ব্যাখ্যা করো। ৩
ঘ. বাড়ি নির্মাণ কাজের জন্য ব্যাংক থেকে ঋণ নেওয়ার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** চলতি মূলধন ব্যবস্থাপনা জন্য যে সিদ্ধান্ত নেওয়া হয় তা হলো চলতি বিনিয়োগ সিদ্ধান্ত।

**খ** অর্থায়ন সিদ্ধান্ত বলতে কোম্পানির প্রয়োজনীয় মূলধন তহবিল সংগ্রহ করার সিদ্ধান্তকে বোঝায়।

ব্যবসায়ের প্রয়োজনে মালিককে বিভিন্ন উৎস থেকে বিভিন্ন মেয়াদভিত্তিক ভিন্ন ভিন্ন (যেমন: স্থায়ী মূলধন ও চলতি মূলধন) মূলধন সংগ্রহ করতে হয়। প্রয়োজন অনুযায়ী তহবিল সংগ্রহের জন্য মালিক আর্থিক ব্যবস্থাপনার কৌশল (মূলধন ব্যবস্থাপনা, ঋণ ব্যবস্থাপনা) অবলম্বন করে অর্থায়ন সিদ্ধান্ত নেয়।

**গ** জনাব সাদমান আহনাফ তার বেতনের টাকা পারিবারিক অর্থায়নে ব্যবহার করেন।

অর্থায়নের ক্ষেত্রে পরিবারের আয়ের উৎস ও পরিমাণ নির্ধারণ করে সেই আয় কীভাবে ব্যয় করলে পরিবারের সদস্যদের সর্বাঙ্গীণ মঙ্গল হয় তা নির্ধারণ করা হয়। পরিবারের প্রয়োজনীয় অসংখ্য ব্যয়ের মধ্যে অগ্রাধিকারের ভিত্তিতে বেশি গুরুত্বপূর্ণ ব্যয়গুলো মেটানো হয়।

উদ্দীপকে জনাব সাদমান আহনাফ একটি বেসরকারি প্রতিষ্ঠানে উপ-ব্যবস্থাপক হিসেবে কর্মরত আছেন। তার মাসিক বেতনের পরিমাণ ৮০,০০০ টাকা। প্রাপ্ত বেতন দিয়ে তিনি তার বাড়ি ভাড়া, পারিবারিক খরচ, ছেলে মেয়ের পড়াশোনা খরচ ও চিকিৎসা খরচসহ বিভিন্ন খরচের অর্থ পরিশোধ করেন। তার পরিবারে ব্যয়ের অনেক খাত থাকলেও তিনি অগ্রাধিকার ভিত্তিতে বেশি প্রয়োজনীয় খাতে বেতনের টাকা ব্যয় করেছেন। যেহেতু জনাব সাদমান আহনাফ পরিবারের প্রয়োজনীয় খাতের ব্যয়গুলো নির্বাহ করার জন্য বেতন থেকে অর্থায়ন করেছেন সেহেতু এটি পারিবারিক অর্থায়নের অন্তর্ভুক্ত।

**ঘ** বাড়ি নির্মাণ কাজের জন্য ব্যাংক থেকে ঋণ নেওয়ার সিদ্ধান্তটি যৌক্তিক।

ব্যাংক ঋণ অর্থায়নের বহিঃস্থ উৎস। এ উৎস থেকে স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি ঋণ নেওয়া যায়। একটি নির্দিষ্ট সময় পর এ ঋণের অর্থ সুদাসলসহ ফেরত দিতে হয়।

উদ্দীপকে জনাব সাদমান আহনাফ একটি বেসরকারি প্রতিষ্ঠানে উপ-ব্যবস্থাপক হিসেবে কর্মরত আছেন। তার পরিবারের মাসিক আয় ৮০,০০০ টাকা হলেও তিনি তা দিয়ে পরিবারের নিত্যনৈমিত্তিক ব্যয়গুলো নির্বাহ করেন। বাড়ি নির্মাণের ন্যায় স্থায়ী সম্পদের কাজের জন্য তিনি তার মাসিক আয়ের অর্থ ব্যয় করতে পারেন না। তাই প্রয়োজনীয় অর্থ সংগ্রহের জন্য তিনি ব্যাংক থেকে ঋণ নিয়েছেন।

পারিবারিক অর্থায়নে নিয়মিত আয়ের সাথে সঙ্গতি রেখে নিয়মিত ব্যয়সমূহ নির্ধারণ করা হয়। সাধারণত পরিবারের নিত্যনৈমিত্তিক ব্যয়গুলো মেটাতে পরিবারের আয় শেষ হয়ে যায়। পরবর্তীতে স্থায়ী সম্পদের জন্য কোনো অর্থের প্রয়োজন হলে তা ব্যাংক থেকে ঋণ নিয়ে অর্থায়ন করা হয়। উদ্দীপকে স্থায়ী সম্পদের কাজ চালিয়ে নেওয়ার জন্য নিয়মিত আয় পর্যাপ্ত না হওয়ায় জনাব সাদমান আহনাফ ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে যৌক্তিক সিদ্ধান্ত নিয়েছেন।

**প্রশ্ন ▶২** হাসান একজন সমাজসেবক। তিনি অবসরের পর পেনশনের অর্থ দিয়ে এতিম শিশুদের জন্য একটি স্কুল প্রতিষ্ঠা করেন। বিনামূল্যে শিশুদের খাওয়া ও পড়াশোনার ব্যবস্থা করতে গিয়ে তিনি আর্থিক সংকটের সম্মুখীন হন। অর্থ সংস্থানের জন্য তিনি বিভিন্ন উৎসের আশ্রয় নিলেন। বর্তমানে তার প্রতিষ্ঠানটি সঠিকভাবে পরিচালিত হচ্ছে। ◀ *শিখনফল-৩*

ক. তারল্য কী? ১
খ. বিনিয়োগ সিদ্ধান্ত বলতে কী বোঝ? ২
গ. হাসান সাহেব কোন ধরনের প্রতিষ্ঠানের সাথে জড়িত? বর্ণনা করো। ৩
ঘ. হাসান সাহেব কীভাবে স্কুলের অর্থায়ন করবেন তা বিশ্লেষণ করো। ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** কোনো সম্পদ সহজে বিক্রি করে নগদে পরিণত করার ক্ষমতাকে তারল্য বলা হয়।

**খ** ব্যয় সিদ্ধান্তের অপর নাম বিনিয়োগ সিদ্ধান্ত।

প্রতিষ্ঠানের সংগৃহীত তহবিল কোন কোন খাতে ব্যয় করা হবে সে সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণই হলো বিনিয়োগ সিদ্ধান্ত। প্রতিষ্ঠানের স্থায়ী ব্যয় নির্বাহ অর্থাৎ মেশিন ও আসবাবপত্র ক্রয়, কারখানা নির্মাণ খরচ ইত্যাদি ব্যয় সিদ্ধান্ত বা বিনিয়োগ সিদ্ধান্তের অন্তর্ভুক্ত। যেমন: একটি মুদি দোকানের জন্য রেফ্রিজারেটর ক্রয় সংক্রান্ত সিদ্ধান্ত হলো একটি বিনিয়োগ সিদ্ধান্ত।

**গ** উদ্দীপকে হাসান সাহেব অব্যবসায়ী প্রতিষ্ঠানের সাথে জড়িত।
অব্যবসায়ী প্রতিষ্ঠান অমুনাফাভিত্তিক হয়ে থাকে। মানবকল্যাণ বা দরিদ্র ও বঞ্চিত মানুষের সেবায় এ ধরনের প্রতিষ্ঠান কাজ করে।
উদ্দীপকে হাসান সাহেব একজন সমাজসেবক। তিনি চাকরি থেকে অবসর নিয়েছেন। পেনশনের টাকা দিয়ে এতিম শিশুদের জন্য একটি স্কুল প্রতিষ্ঠা করেন। পাশাপাশি বিনামূল্যে এই শিশুদের খাওয়া ও পড়াশোনার ব্যবস্থা নেন। হাসান সাহেবের প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য এতিম শিশুদের লেখাপড়া শেখানো। এক্ষেত্রে তিনি তার প্রতিষ্ঠান থেকে কোনো মুনাফার প্রত্যাশা করেন না। অর্থাৎ হাসান সাহেবের প্রতিষ্ঠানটি অলাভজনক একটি প্রতিষ্ঠান। সুতরাং বলা যায়, হাসান সাহেব অব্যবসায়ী প্রতিষ্ঠানের সাথে জড়িত।

**ঘ** উদ্দীপকে হাসান সাহেব বিভিন্ন অনুদান সংগ্রহ করে স্কুলের জন্য অর্থায়ন করবেন।
স্কুল একটি অব্যবসায়ী প্রতিষ্ঠান। মুনাফা অর্জন এ ধরনের প্রতিষ্ঠানের উদ্দেশ্য নয়। অব্যবসায়ী প্রতিষ্ঠান অর্থায়নের জন্য বিভিন্ন অনুদানের উপর নির্ভর করে।
উদ্দীপকে হাসান সাহেব একজন সমাজসেবক। তিনি চাকরি থেকে অবসর নিয়েছেন। পেনশনের টাকা দিয়ে একটি স্কুল প্রতিষ্ঠা করেন। স্কুলটি এতিম শিশুদের শিক্ষাদানের জন্য। পাশাপাশি তিনি এসব শিশুদের খাওয়া দাওয়ার ব্যবস্থা করতে চান। তবে আর্থিক সংকটে পড়েন। অর্থসংগ্রহের জন্য তিনি বিভিন্ন উৎসের আশ্রয় নেন।
হাসান সাহেবের প্রতিষ্ঠানটি একটি অব্যবসায়ী প্রতিষ্ঠান। এ ধরনের প্রতিষ্ঠান সাধারণত বিভিন্ন চাঁদা বা অনুদানের মাধ্যমে তহবিল সংগ্রহ করে। সুতরাং বলা যায়, হাসান সাহেবও বিভিন্ন জায়গা থেকে অনুদান সংগ্রহ করে স্কুলের জন্য অর্থায়ন করবেন।

**প্রশ্ন ▶৩** বাংলাদেশ সরকার পদ্মা সেতু নির্মাণের জন্য বিশ্বব্যাংকের সাথে ঋণচুক্তি সম্পাদনের উদ্যোগ গ্রহণ করল। বিশ্ব ব্যাংক ঋণের শর্ত জুড়ে দেওয়ায় সরকার বিকল্প অর্থায়নের কথা ভাবলো। সরকার নিজে এবং বেসরকারি সহায়তায় অর্থায়নের মাধ্যমে সেতুটি নির্মাণের উদ্যোগ নিল। ◀ *শিখনফল-৩*

ক. WTO-এর পূর্ণরূপ কী? ১
খ. শিল্প বিপ্লব বলতে কী বোঝ? ২
গ. পদ্মা সেতু নির্মাণের জন্য প্রথমে কোন ধরনের অর্থায়নের উদ্যোগ নেওয়া হয়েছিল? ব্যাখ্যা করো। ৩
ঘ. সেতুটি নির্মাণে চূড়ান্তভাবে কোন অর্থায়নের ব্যবস্থা নেওয়া হলো? বিশ্লেষণ করো। ৪

**৩ নং প্রশ্নের উত্তর**

**ক** WTO-এর পূর্ণরূপ হলো World Trade Organization।

**খ** ১৭৫০-১৮৫০ সালে যে বৈপ্লবিক পরিবর্তনের মাধ্যমে শিল্প প্রতিষ্ঠানের শ্রমশক্তি যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত হয় তাকে শিল্প বিপ্লব বলে।
স্টিম ইঞ্জিন আবিষ্কারের ফলে শিল্প বিপ্লবের সূচনা হয়। এতে ইউরোপে শিল্প প্রতিষ্ঠানগুলো অতি দ্রুত বাড়তে থাকে। ফলে বড় পরিসরে উৎপাদন সম্ভব হয়।

**গ** উদ্দীপকে পদ্মা সেতু নির্মাণের জন্য প্রথমে সরকারি অর্থায়নের উদ্যোগ নেওয়া হয়েছিল।
এ ধরনের অর্থায়নে ব্যয়ের উৎসগুলো আগে নির্ধারণ করা হয়। পরবর্তীতে সে অনুযায়ী আয়ের খাত শনাক্ত করা হয়। সরকারি অর্থায়ন সাধারণত অলাভজনক হয়। এর উৎসগুলো হলো ADB (Asian Development Bank), বিশ্বব্যাংক ইত্যাদি।
উদ্দীপকে বাংলাদেশ সরকার পদ্মা সেতু নির্মাণ করতে চায়। এজন্য বিশ্বব্যাংকের সাথে ঋণের চুক্তি করার উদ্যোগ নেয়। কিন্তু বিশ্বব্যাংক ঋণের জন্য বিভিন্ন শর্ত জুড়ে দেয়। ফলে সরকার বিকল্প অর্থায়নের কথা ভাবে। এক্ষেত্রে বাংলাদেশ সরকার সরকারি অর্থায়ন করতে চেয়েছিল। দেশের অবকাঠামোগত উন্নয়ন করা সরকারের কাজ। পদ্মা সেতু এ ধরনের একটি অবকাঠামো। এটি জনকল্যাণমূলক একটি সেবা। সুতরাং বলা যায়, পদ্মা সেতু নির্মাণের প্রথম পদক্ষেপটি সরকারি অর্থায়ন ছিল।

**ঘ** উদ্দীপকে সেতুটি নির্মাণে চূড়ান্তভাবে সরকারি-বেসরকারি যৌথ অর্থায়নের ব্যবস্থা নেওয়া হয়েছিল।
সরকারি-বেসরকারি যৌথ অর্থায়ন ব্যবস্থাকে PPP (Public Private Partnership) বলে। এক্ষেত্রে সরকারি ও বেসরকারি অংশীদারিত্বের ভিত্তিতে প্রকল্পে অর্থায়ন করা হয়।
উদ্দীপকে বাংলাদেশ সরকার পদ্মা সেতু নির্মাণে আগ্রহী। এর অর্থায়নের জন্য বিশ্বব্যাংকের সাথে ঋণ নেওয়ার জন্য চুক্তিবদ্ধ হতে চায়। কিন্তু বিশ্বব্যাংক বিভিন্ন শর্ত জুড়ে দেয়। তাই সরকার অর্থায়নের বিকল্প চিন্তা করল। সেক্ষেত্রে সরকার নিজে এবং বেসরকারি সহায়তায় সেতুটি নির্মাণের উদ্যোগ নেয়। এটি সরকারি-বেসরকারি যৌথ অর্থায়নের একটি প্রকল্প।
বড় প্রকল্প বাস্তবায়নে অনেক অর্থের প্রয়োজন হয়। সরকারের নিজস্ব অর্থায়নে এ ধরনের প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত প্রায়ই সম্ভব হয় না। এ কারণে সরকারি ও বেসরকারি যৌথ বিনিয়োগের সাহায্য নেওয়া হয়। এক্ষেত্রে মোট অর্থায়নের কিছুটা করে সরকার এবং বাকি অংশ করে বেসরকারি প্রতিষ্ঠান। পদ্মা সেতু নির্মাণেও এ ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে। সুতরাং বলা যায়, পদ্মা সেতু প্রকল্পটি সরকারি বেসরকারি অংশীদারিত্বে (PPP)-এর মাধ্যমে অর্থায়ন করা হয়েছে।

**প্রশ্ন ▶৪** কাওরান বাজারে জনাব শহিদুল একজন হার্ডওয়ার ব্যবসায়ী। তিনি ব্যবসায়কে সচল রাখার জন্য নিজের অর্থ ও বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান থেকে অর্থ সংগ্রহ করে বেশি লাভবান হন। কয়েক বছর যাওয়ার পর দেখা গেল ব্যাংকে বেশি মাত্রায় টাকা বিনিয়োগ করায় তার ব্যবসায়ে তারল্য সংকট দেখা দিয়েছে। এতে তার ব্যবসায়ের ক্ষতি হয়। ◀ *শিখনফল-৫*

ক. অর্থায়নে সবচেয়ে গুরুত্বপূর্ণ ধরন কী? ১
খ. তারল্য বনাম মুনাফা নীতিটি ব্যাখ্যা করো। ২
গ. জনাব শহিদুল কোন পদক্ষেপ গ্রহণ করলে লাভজনক অবস্থায় ফিরে যেতে পারেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব শহিদুল তার আয়ের কতটুকু হাতে রাখবেন এবং কতটুকু বিনিয়োগ করবেন সেটি কোন নীতির ওপর নির্ভরশীল? বিশ্লেষণ করো। ৪

**৪ নং প্রশ্নের উত্তর**

**ক** অর্থায়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ ধরন হলো ব্যবসায় অর্থায়ন।

**খ** তারল্য ও মুনাফার মধ্যে উপযুক্ত ভারসাম্য বজায় রাখার নীতিটি হলো তারল্য বনাম মুনাফার নীতি।

যদি কোনো ব্যবসায়ী বেশি পরিমাণে নগদ অর্থ সংরক্ষণ করে, তাহলে প্রতিষ্ঠানের আয় কমে যায়। আবার কম পরিমাণ নগদ অর্থ সংরক্ষণ করে বেশি পরিমাণ অর্থ বিনিয়োগ করলে ব্যবসায়ের দৈনন্দিন খরচ নির্বাহে নগদের ঘাটতি দেখা দেয়। তাই ব্যবসায়িক কাজ ও বিনিয়োগের মাধ্যমে মুনাফা অর্জন কাম্য স্তরে রাখতে ব্যবসায়ে তারল্য ও মুনাফার মধ্যে ভারসাম্য বজায় রেখে আর্থিক ব্যবস্থাপনা চালাতে হয়। তারল্য বনাম মুনাফা নীতি নগদ অর্থ ও মুনাফার মধ্যে সমন্বয়কারী হিসেবে কাজ করে।

**গ** উদ্দীপকে জনাব শহিদুল তারল্য বনাম মুনাফার নীতি অনুসরণ করলে লাভজনক অবস্থায় ফিরে যেতে পারবেন।

এ নীতি অনুযায়ী তারল্য ও মুনাফার মধ্যে উপযুক্ত ভারসাম্য বজায় রাখা হয়। নগদ অর্থ (তারল্য) ও মুনাফার মধ্যে বিপরীতমুখী সম্পর্ক রয়েছে। নগদ অর্থ বেশি রাখলে মুনাফা কমে যায়। অন্যদিকে মুনাফার প্রত্যশায় বেশি অর্থ বিনিয়োগ করলে তারল্য সংকটের সৃষ্টি হয়।

উদ্দীপকে জনাব শহিদুল একজন হার্ডওয়্যার ব্যবসায়ী। তিনি ব্যবসায়কে সচল রাখার জন্য নিজের অর্থ বিনিয়োগ করেন। পাশাপাশি বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান থেকে অর্থ সংগ্রহ করেন। এর মাধ্যমে তিনি লাভবান হন। তবে তিনি বেশি মাত্রায় অর্থ বিনিয়োগ করেন। এর ফলে তার ব্যবসায়ে তারল্য ঘাটতির সৃষ্টি হয়। এক্ষেত্রে তিনি নগদ অর্থ ও বিনিয়োগের মধ্যে সমন্বয় করতে পারেননি। অর্থাৎ জনাব শহিদুল তার ব্যবসায়ে তারল্য বনাম মুনাফার নীতি অনুসরণ করেননি। তাই বলা যায়, এ নীতি অনুসরণের মাধ্যমেই তিনি পুনরায় লাভজনক অবস্থায় ফিরতে পারবেন।

**ঘ** উদ্দীপকে জনাব শহিদুল আয়ের কতটুকু হাতে রাখবেন এবং কতটুকু বিনিয়োগ করবেন তা নির্ভর করে তারল্য বনাম মুনাফা নীতির ওপর।

এ নীতি অনুযায়ী নগদ অর্থ (তারল্য) ও বিনিয়োগের (মুনাফা) মধ্যে সমন্বয় করা হয়। হাতে নগদ অর্থ বেশি রাখলে মুনাফা কমে যায়। অন্যদিকে অতিরিক্ত অর্থ বিনিয়োগ করলে তারল্য ঘাটতি দেখা দেয়।

উদ্দীপকে জনাব শহিদুল একজন ব্যবসায়ী। তিনি তার ব্যবসায়ে অর্থায়ন করেন। এক্ষেত্রে তিনি নিজের অর্থ বিনিয়োগ করেন। পাশাপাশি আর্থিক প্রতিষ্ঠান থেকেও অর্থ সংগ্রহ করেন। ফলাফল হিসেবে তার ব্যবসায়ে বেশি মুনাফা হয়। মুনাফার অর্থ তিনি বেশি মাত্রায় ব্যাংকে বিনিয়োগ করেন। ফলে ব্যবসায়ে তারল্য সংকট দেখা দেয়।

জনাব শহিদুল নগদ অর্থ ও বিনিয়োগের মধ্যে সমন্বয় করতে পারেননি। এক্ষেত্রে তাকে সিদ্ধান্ত নিতে হবে কী পরিমাণ নগদ অর্থ রাখলে ব্যবসায়ের দৈনিক ব্যয় নির্বাহ করা যাবে। তবে বেশি নগদ অর্থ রাখলে বিনিয়োগ থেকে তার প্রাপ্য আয় কমে যাবে। আবার প্রয়োজনের চেয়ে কম নগদ অর্থ রাখলে চলতি ব্যয় নির্বাহে সমস্যা দেখা দিবে। এর ফলে ব্যবসায় সুষ্ঠুভাবে পরিচালনা করা যাবে না। তাই বলা যায়, তারল্য বনাম মুনাফা নীতির ওপর নির্ভর করেই জনাব শহিদুলকে এ সিদ্ধান্ত নিতে হবে।

**প্রশ্ন ▶ ৫** এলেক্স লিমিটেড একটি ওষুধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান। তারা দেশে ওষুধ বিক্রির পাশাপাশি বিদেশেও রপ্তানি করে থাকে। বর্তমানে প্রতিষ্ঠানটি নতুন একটি প্রকল্পে বিনিয়োগের পরিকল্পনা করছে। প্রতিষ্ঠানটি নিজস্ব তহবিল থেকে ৬০% ও বাকি অংশ বহিঃঋণ থেকে সংগ্রহ করে প্রকল্পের কাজ শুরু করল। ব্যবসায়ের ক্ষেত্রে অর্থায়ন অত্যন্ত জরুরি। কারণ এটি ব্যবসায়ের মূল চালিকা শক্তি। *◀ শিখনফল-৩ ও ৪*

ক. অর্থায়ন কী? ১
খ. সরকারি অর্থায়নের মুল লক্ষ্য কী? ব্যাখ্যা করো। ২
গ. এলেক্স লিমিটেড কোন ধরনের অর্থ সংস্থানে কাজ সম্পন্ন করেছে? বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকে প্রতিষ্ঠানটির ক্ষেত্রে মূল চালিকাশক্তি হিসেবে অর্থসংস্থানের ভূমিকা আলোচনা করো। ৪

**৫ নং প্রশ্নের উত্তর**

**ক** অর্থায়ন বলতে তহবিল সংগ্রহ ও ব্যবহার সংক্রান্ত প্রক্রিয়াকে বোঝায়।

**খ** নাগরিকদের আর্থ-সামাজিক উন্নয়ন তথা জনকল্যাণই হলো এ অর্থায়নের মূল লক্ষ্য।

স্থানীয় সরকার এবং সরকারি প্রতিষ্ঠানসমূহের কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান, সংরক্ষণ ও বণ্টন সংক্রান্ত কার্যাবলি হলো সরকারি অর্থায়ন। জনসেবায় এই অর্থায়ন করা হয়। ফলে সরকারের জন্য এটি অলাভজনক।

**গ** উদ্দীপকে এলেক্স লিমিটেড অভ্যন্তরীণ ও বহিস্থ উভয় ধরনের উৎস থেকে অর্থ সংস্থান করে কাজ শেষ করেছে।

অর্থায়নের অভ্যন্তরীণ উৎস বলতে মালিকের নিজস্ব তহবিলকে বোঝায়। অন্যদিকে বহিস্থ উৎস হলো প্রতিষ্ঠানের বাইরে থেকে সংগ্রহ করা তহবিল। এ উৎসগুলো হলো -ব্যাংক ঋণ, ঋণপত্র ইস্যু ইত্যাদি।

উদ্দীপকে এলেক্স লিমিটেড একটি ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান। তারা দেশীয় বাজারে ঔষধ বিক্রি করে। পাশাপাশি বিদেশেও রপ্তানি করে। বর্তমানে প্রতিষ্ঠনটি নতুন একটি প্রকল্পে বিনিয়োগ করতে আগ্রহী। এক্ষেত্রে তহবিলের ৬০% নিজস্ব তহবিল থেকে আনা হয়েছে। অন্যদিকে তহবিলের বাকি অংশ (৪০%) বহিস্থ ঋণ থেকে পাওয়া গেছে। এই ঋণটি হলো ব্যাংক ঋণ বা ঋণপত্র। এটি বহিস্থ তহবিলের উৎস। সুতরাং বলা যায়, এলেক্স লিমিটেড অভ্যন্তরীণ ও বহিস্থ উভয় ধরনের উৎস থেকে অর্থসংস্থান করেছে।

**ঘ** উদ্দীপকে এলেক্স লিমিটেড-এর সম্প্রসারণে অর্থসংস্থান মূল চালিকাশক্তি হিসেবে ভূমিকা রেখেছে।

ব্যবসায়ে সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করা হয়।এটি এমনভাবে করা হয় যেন মূলধন খরচ সর্বনিম্ন থাকে। এ উদ্দেশ্যেই তহবিল সবচেয়ে কাঙ্ক্ষিত উৎস থেকে সংগ্রহ করা হয়।

উদ্দীপকে এলেক্স লিমিটেড একটি ঔষধ প্রস্তুকারী পতিষ্ঠান। প্রতিষ্ঠানটি দেশীয় বাজারে ঔষধ বিক্রি করে। পাশাপাশি বিদেশেও রপ্তানি করে। বর্তমানে প্রতিষ্ঠানটি নতুন একটি প্রকল্পে বিনিয়োগ করতে চায়। এই উদ্দেশ্যে ৬০% নিজস্ব তহবিল ব্যবহার করা হয়। বাকি তহবিল বহিস্থ উৎস থেকে নেওয়া হয়।

এলেক্স লিমিটেড সম্প্রসারণের ক্ষেত্রে সবচেয়ে উপযুক্ত উৎস থেকে অর্থসংস্থান করেছে। এলেক্স লিমিটেড মূলধন ব্যয় সর্বনিম্ন রাখার চেষ্টা

করেছে। নিজস্ব মূলধনের বিপরীতে প্রতিষ্ঠানটিকে কোনো ব্যয় নির্বাহ করতে হবে না। তবে ঋণের বিপরীতে নির্দিষ্ট হারে সুদ দিতে হবে। এতে ঋণের বিপরীতে সুদের হার অর্থাৎ ঋণ মূলধন ব্যয় সবচেয়ে কম। ফলে প্রতিষ্ঠানটি নূন্যতম খরচে তহবিল ব্যবহার করতে পারবে। সুতরাং বলা যায়, ব্যবসায়ের মূল চালিকাশক্তি হিসেবে অর্থসংস্থান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

**প্রশ্ন ▶ ৬**

| | 'ক' প্রতিষ্ঠান | 'খ' প্রতিষ্ঠান |
|---|---|---|
| পণ্য | আকর্ষণীয় ঘড়ি, মূল্যবান, ক্যামেরা, দামি কলম | ব্যাটারি, ডিজেল, ইঞ্জিন, ডায়নামো, বয়লার |
| সদস্য সংখ্যা | ক, খ, গ তিনজন | শেয়ার সংখ্যা দ্বারা সীমাবদ্ধ |

◀ *শিখনফল-৩*

ক. অর্থায়নের প্রধান কাজ কী? ১

খ. তারল্য বনাম মুনাফার সমন্বয় নীতি বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. 'ক' প্রতিষ্ঠান কীভাবে অর্থায়ন করতে পারে? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে প্রতিষ্ঠান দু'টির মধ্যে কোন প্রতিষ্ঠানটি বিনিয়োগের জন্য বেশি উপযোগী বলে মনে হয়? মতামত দাও। ৪

**৬ নং প্রশ্নের উত্তর**

**ক** অর্থায়নের প্রধান কাজ হলো তহবিল ব্যবস্থাপনা।

**খ** তারল্য ও মুনাফার মধ্যে উপযুক্ত ভারসাম্য বজায় রাখার নীতিটি হলো তারল্য বনাম মুনাফার নীতি।

যদি কোনো ব্যবসায়ী বেশি পরিমাণে নগদ অর্থ সংরক্ষণ করে, তাহলে প্রতিষ্ঠানের আয় কমে যায়। আবার কম পরিমাণ নগদ অর্থ সংরক্ষণ করে বেশি পরিমাণ অর্থ বিনিয়োগ করলে ব্যবসায়ের দৈনন্দিন খরচ নির্বাহে নগদের ঘাটতি দেখা দেয়। তাই ব্যবসায়িক কাজ ও বিনিয়োগের মাধ্যমে মুনাফা অর্জন কাম্যস্তরে রাখতে ব্যবসায়ে তারল্য ও মুনাফার মধ্যে ভারসাম্য বজায় রেখে আর্থিক ব্যবস্থাপনা চালাতে হয়। তারল্য বনাম মুনাফা নীতি নগদ অর্থ ও মুনাফার মধ্যে সমন্বয়কারী হিসেবে কাজ করে।

**গ** উদ্দীপকে ক প্রতিষ্ঠানটি অংশীদারি সংগঠন হওয়ায় এর সদস্যরা মূলধন সরবরাহের মাধ্যমে ব্যবসায়ে অর্থায়ন করে।

এ ধরনের সংগঠন চুক্তির ভিত্তিতে তৈরি হয়। এ ব্যবসায়ের সদস্যরাই প্রয়োজনীয় মূলধন সরবরাহ করে। এছাড়া অংশীদারি সংগঠনের তহবিলের অন্যান্য উৎস হলো— ব্যবসায়ের মুনাফা, আত্মীয়-স্বজন থেকে নেওয়া ঋণ।

উদ্দীপকে ক প্রতিষ্ঠানটি একাধিক পণ্য নিয়ে ব্যবসায় করে। যেমন— আকর্ষণীয় ঘড়ি, মূল্যবান ক্যামেরা এবং দামি কলম। এর সদস্য সংখ্যা তিনজন। এটি একটি অংশীদারি সংগঠন। তাই এর সদস্যরাই মূলধনের ব্যবস্থা করেছে। তবে ভবিষ্যতে প্রতিষ্ঠানটির আরও তহবিলের প্রয়োজন হতে পারে। সেক্ষেত্রে এটি বিক্রয় মুনাফাকে তহবিল হিসেবে ব্যবহার করতে পারে। এছাড়া সদস্যরা আত্মীয়-স্বজন থেকে ঋণ নিয়েও তহবিলের ব্যবস্থা করতে পারে।

**ঘ** উদ্দীপকে খ প্রতিষ্ঠানটি পাবলিক লি. কোম্পানি হওয়ায় অংশীদারি ব্যবসায়ের তুলনায় এতে বিনিয়োগ করা বেশি উপযোগী।

অংশীদারি প্রতিষ্ঠানে এর সদস্যদের মধ্যে ঝুঁকি বণ্টন করা হয়। তাদের ব্যক্তিগত সম্পত্তিও দায় পরিশোধে ব্যবহার করা হয়। অন্যদিকে পাবলিক লি. কোম্পানি একটি চিরন্তন অস্তিত্বের ব্যবসায় সংগঠন। এ ব্যবসায়ের সদস্যরা শেয়ারের মূল্যের পরিমাণ ঝুঁকি বহন করে।

উদ্দীপকে ক প্রতিষ্ঠানটি একটি অংশীদারি সংগঠন। এর সদস্য সংখ্যা ৩ জন। অন্যদিকে খ প্রতিষ্ঠানটি পাবলিক লি. কোম্পানি। এর সদস্য সংখ্যা শেয়ার দ্বারা সীমাবদ্ধ।

উদ্দীপকে ক প্রতিষ্ঠানের ব্যবসায়িক ঝুঁকি এর তিনজন সদস্যের মধ্যে বণ্টিত হবে। অর্থাৎ ঝুঁকির পরিমাণ যাই হোক না কেন এই তিনজনই তা বহন করবে। সেক্ষেত্রে প্রয়োজনে সদস্যদের ব্যক্তিগত সম্পদ থেকে দায় পরিশোধ করা হবে। তবে খ প্রতিষ্ঠানটি শেয়ার ইস্যু করে মূলধন সংগ্রহ করে। এক্ষেত্রে সদস্যদের মূলধন ফেরত না পাওয়ার ঝুঁকি রয়েছে। তবে শেয়ারহোল্ডারদের ব্যক্তিগত সম্পদ এক্ষেত্রে দায়বদ্ধ নয়। তাই বলা যায়, বিনিয়োগের জন্য 'খ' প্রতিষ্ঠান অর্থাৎ পাবলিক লিমিটেড কোম্পানি উপযোগী।

**প্রশ্ন ▶ ৭** জনাব তিয়াস প্রচুর মূলধন নিয়ে তার এলাকায় একটি বইয়ের দোকান দেন। ভূমি, আসবাবপত্র এবং দোকানের সাজসজ্জার জন্য তিনি ব্যাংক থেকে ১০ বছর মেয়াদি ঋণ নেন। তিনি বিভিন্ন ধরনের পণ্য (পাঠ্যবই, উপন্যাস, কমিক্স, মোবাইল ফোনের কার্ড ইত্যাদি) বিক্রয়ের মাধ্যমে ব্যবসায় পরিচালনা করেন। প্রথমদিকে তার মুনাফা কম হলেও পরবর্তীতে প্রচুর মুনাফা অর্জন করেন। ◀ *শিখনফল-৫*

ক. আয় সিদ্ধান্ত কী? ১

খ. কোন ধরনের অর্থায়নে প্রথমে ব্যয়ের পরিমাণ নির্ধারণ করা হয়? ব্যাখ্যা করো। ২

গ. ব্যাংক থেকে ঋণ গ্রহণের জন্য জনাব তিয়াস কোন নীতি অনুসরণ করেছেন ? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব তিয়াসের ব্যবসায়ে প্রচুর মুনাফা হওয়ার কারণ যুক্তি সহকারে বিশ্লেষণ করো। ৪

**৭ নং প্রশ্নের উত্তর**

**ক** তহবিল সংগ্রহের প্রক্রিয়াকে আয় সিদ্ধান্ত বলা হয়।

**খ** সরকারি অর্থায়নে প্রথমে ব্যয়ের পরিমাণ নির্ধারণ করা হয়।

রাষ্ট্র পরিচালনা ও অবকাঠামোগত উন্নয়নে সরকারকে অনেক অর্থ ব্যয় করতে হয়। প্রতি বছর সংসদে বাজেট ঘোষণার মাধ্যমে সরকার তার বার্ষিক ব্যয় নির্ধারণ করে থাকে। ব্যয়ের ওপর ভিত্তি করেই পরবর্তীতে আয়ের উৎসসমূহ খুঁজে বের করা হয়। এই ব্যয় ও আয়ের সামগ্রিক পরিকল্পনাই সরকারি অর্থায়ন।

**গ** ব্যাংক থেকে ঋণ গ্রহণের জন্য জনাব তিয়াস উপযুক্ততার নীতি অনুসরণ করেছেন।

উপযুক্ততার নীতি অনুসারে স্বল্পমেয়াদি তহবিল থেকে চলতি মূলধন এবং দীর্ঘমেয়াদি তহবিল থেকে স্থায়ী মূলধন সংগ্রহ করা হয়।

উদ্দীপকে জনাব তিয়াস প্রচুর মূলধন নিয়ে তার এলাকায় একটি বইয়ের দোকান দেন। ভূমি, আসবাবপত্র এবং দোকানের সাজসজ্জার জন্য তিনি ব্যাংক থেকে ১০ বছর মেয়াদি ঋণ গ্রহণ করেন। এ সকল স্থায়ী খরচের জন্য সাধারণত বড় অঙ্কের অর্থের প্রয়োজন হয়। এক্ষেত্রে এ অর্থ স্থায়ী মূলধন হিসেবে বিবেচিত হবে। কেননা ১০ বছর মেয়াদি ঋণ দীর্ঘমেয়াদি তহবিলের উৎস। সুতরাং বলা যায়, জনাব তিয়াস উপযুক্ততার নীতি অনুসরণ করেছেন।

**ঘ** ঝুঁকি বণ্টন ও বৈচিত্র্যায়নের নীতি অনুসরণ করায় জনাব তিয়াসের ব্যবসায়ে প্রচুর মুনাফা হয়।

ঝুঁকি বণ্টন ও অধিক মুনাফা অর্জনের উদ্দেশ্যে একটি পণ্য বিক্রি না করে একাধিক ও বিভিন্ন ধরনের পণ্য বিক্রি করাই হলো ঝুঁকি বণ্টন ও বৈচিত্র্যায়নের নীতি।

উদ্দীপকে জনাব তিয়াস একটি বইয়ের দোকানের মালিক। তিনি তার দোকানে বিভিন্ন প্রকার পণ্য বিক্রয়ের মাধ্যমে ব্যবসায় পরিচালনা করেন। এতে প্রথমদিকে মুনাফার পরিমাণ কম হলেও পরবর্তীতে তা বেড়ে যায়।

উদ্দীপকে জনাব তিয়াস একই ধরনের পণ্য বিক্রয় না করে একাধিক পণ্য বিক্রয় করেছেন। তিনি কেবল পাঠ্যবই নয় বরং উপন্যাস, কমিক্স, মোবাইল ফোনের কার্ড ইত্যাদিও বিক্রি করতেন। ফলে তিনি প্রায় সব ধরনের পাঠক ও ভোক্তাকে সেবা দিতে সক্ষম হয়েছেন। তার সরবরাহকৃত পণ্যগুলোর কোনো একটির বিক্রি কম হলেও অন্যান্য পণ্যের বর্ধিত বিক্রয় ঐ কম বিক্রিত পণ্যের ক্ষতি তথা ঝুঁকিকে হ্রাস করেছে। ফলে মুনাফাও বৃদ্ধি পাচ্ছে। তাই বলা যায়, বিভিন্ন ধরনের পণ্য বিক্রয়ের মাধ্যমে জনাব তিয়াস ঝুঁকি বণ্টনে সক্ষম হয়েছেন। ফলে তিনি প্রচুর মুনাফা অর্জন করেছেন। অর্থাৎ জনাব তিয়াসের প্রচুর মুনাফা অর্জনের পেছনে ঝুঁকি বণ্টন ও বৈচিত্র্যায়নের নীতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

## প্রশ্নব্যাংক

**প্রশ্ন ▶৮** জনাব আফজাল একজন গার্মেন্টস মালিক। তার ফ্যাক্টরিতে উৎপাদিত পোশাক বিশ্বের বিভিন্ন দেশে রপ্তানি হয়। তার ভাই জনাব আবির একজন প্রবাসী। তিনি সিঙ্গাপুরে একটি ইলেকট্রনিকস কোম্পানিতে চাকরি করেন। *◀ শিখনফল-৩ [রাজশাহী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ]*

ক. ব্যয় সিদ্ধান্তের অপর নাম কী? ১
খ. তারল্য ও মুনাফার মধ্যে সম্পর্ক কীরূপ? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে কোন ধরনের অর্থায়নের কথা বলা হয়েছে? বর্ণনা করো। ৩
ঘ. অর্থনৈতিক ভারসাম্য রক্ষায় জনাব আবিরের মতো প্রবাসীদের অবদান মূল্যায়ন করো। ৪

### ৮ নং প্রশ্নের উত্তর

**ক** ব্যয় সিদ্ধান্তের অপর নাম 'বিনিয়োগ সিদ্ধান্ত'।

**খ** তারল্য ও মুনাফার মধ্যে বিপরীতমুখী সম্পর্ক রয়েছে।

বেশি পরিমাণ নগদ অর্থ জমা রাখলে বিনিয়োগ করার মতো অর্থের অভাব হয়। ফলে প্রতিষ্ঠানের মুনাফা কমে যায়। আবার অত্যধিক মুনাফার আশায় বেশি বিনিয়োগ করলে তারল্যের ঘাটতি দেখা দেয়। সুতরাং, বলা যায়, তারল্য ও মুনাফার মধ্যে ঋণাত্মক সম্পর্ক রয়েছে।

**সুপার টিপস্:** প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—

**গ** আন্তর্জাতিক অর্থায়ন সম্পর্কে বর্ণনা করো।

**ঘ** বাণিজ্য ঘাটতি পূরণে রেমিটেন্সের ভূমিকা আলোচনা করো।

**প্রশ্ন ▶৯** জনাব আকবর একজন বই বিক্রেতা। তিনি স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের পাঠ্যবই বিক্রির পাশাপাশি জনপ্রিয় লেখকের উপন্যাস, গল্পের বই ও বিভিন্ন ধর্মীয় বই বিক্রি করেন। ফলে ক্রেতারা তার দোকানে ভিড় করে। তার দোকানে বই কেনার জন্য তিনি চলতি মূলধন ব্যবহার করেন। *◀ শিখনফল-৫*

ক. কখন উৎপাদন কৌশল জটিল হয়? ১
খ. ব্যয় সিদ্ধান্তের অপর নাম কী? ব্যাখ্যা করো। ২
গ. জনাব আকবরের পণ্য/বই কেনার জন্য চলতি মূলধন ব্যবহার কারবারি অর্থায়নের কোন নীতির অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব আকবরের পাঠ্যবই বিক্রয়ের পাশাপাশি অন্যান্য বই বিক্রয়ের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

### ৯ নং প্রশ্নের উত্তর

**ক** সপ্তদশ শতাব্দীর শিল্প বিপ্লবের পর থেকে উৎপাদন কৌশল জটিল হয়।

**খ** ব্যয় সিদ্ধান্তের অপর নাম বিনিয়োগ সিদ্ধান্ত।

প্রতিষ্ঠানের সংগৃহীত তহবিল কোন কোন খাতে ব্যয় করা হবে সে সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণই হলো বিনিয়োগ সিদ্ধান্ত। প্রতিষ্ঠানের স্থায়ী ব্যয় নির্বাহ অর্থাৎ মেশিন ও আসবাবপত্র ক্রয়, কারখানা নির্মাণ খরচ ইত্যাদি ব্যয় সিদ্ধান্ত বা বিনিয়োগ সিদ্ধান্তের অন্তর্ভুক্ত। যেমন: একটি মুদি দোকানের জন্য রেফ্রিজারেটর ক্রয় সংক্রান্ত সিদ্ধান্ত হলো একটি বিনিয়োগ সিদ্ধান্ত।

**সুপার টিপস্:** প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—

**গ** অর্থায়নের উপযুক্ততার নীতিটি বর্ণনা করো।

**ঘ** অর্থায়নের বৈচিত্র্যায়নের নীতিটি আলোচনা করো।

**প্রশ্ন ▶১০** একজন মুদি দোকানি দৈনন্দিন কাজ পরিচালনার জন্য নগদ অর্থের সবটাই হাতে রাখে, যার জন্য সে বিনিয়োগ থেকে মুনাফা পায় না। *◀ শিখনফল-৫*

ক. কোন সময় উৎপাদন কৌশল জটিল হয়? ১
খ. অর্থায়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ ধরন কোনটি এবং কেন? ২
গ. মুদি দোকানি অর্থায়নের কোন নীতিটি অনুসরণ করেনি? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'ব্যবসায়ের সার্বিক সফলতার জন্য অর্থায়নের সব কয়টি নীতি অনুসরণ করা প্রয়োজন'- বিষয়টি মূল্যায়ন করো। ৪

### ১০ নং প্রশ্নের উত্তর

**ক** সপ্তদশ শতাব্দীর শিল্প বিপ্লবের পর থেকে উৎপাদন কৌশল জটিল হয়।

**খ** অর্থায়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ ধারণাটি হলো বিনিয়োগ বা ব্যয় সিদ্ধান্ত।

কোন খাতে বিনিয়োগ করলে কম ঝুঁকিতে বেশি লাভ করা যাবে সে সিদ্ধান্ত নেওয়াই হলো বিনিয়োগ সিদ্ধান্ত।

বিনিয়োগ সিদ্ধান্তের ক্ষেত্রে বিনিয়োগের ভবিষ্যৎ বছরগুলোর নগদ প্রবাহ বের করা সম্ভব হয়। এক্ষেত্রে মুনাফার পরিমাণ নির্ণয়ের জন্য

নগদ প্রবাহ নির্ণয় করতে হয়। বিক্রয়লব্ধ অর্থ থেকে উৎপাদন ও অন্যান্য খরচ বাদ দিয়ে নগদ প্রবাহ নির্ধারিত হয়। আর এ কাজটি অর্থায়নে দুরূহ হওয়ায় বিনিয়োগ সিদ্ধান্তটি মূলত প্রতিষ্ঠানের জন্য একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত।

**সুপার টিপস্:** প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—

**গ** অর্থায়নের তারল্য বনাম মুনাফা নীতিটি বর্ণনা করো।

**ঘ** ব্যবসায়ের সফলতার জন্য অর্থায়নের নীতিগুলোর প্রভাব আলোচনা করো।

**প্রশ্ন ▶ ১১** জনাব হাফিজ 'বিকাশ' নামে একটি টেলিযোগাযোগ প্রতিষ্ঠানের একজন আর্থিক ব্যবস্থাপক। তিনি প্রতিষ্ঠানের সব কাজের সিদ্ধান্তগুলো সুচিন্তিতভাবে উপস্থাপন করেন এবং সবাই তা মূল্যায়ন করেন। তাই তিনি আর্থিক ব্যবস্থপনা ছাড়াও অন্যান্য সিদ্ধান্তের মাধ্যমে কীভাবে প্রতিষ্ঠানকে আরও এগিয়ে নিয়ে যাওয়া যায় তার চেষ্টা করেন সকলকে নিয়ে। ◀ *শিখনফল-৬*

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. ব্যবসায় অর্থায়ন ব্যবস্থাপনার জন্য নীতিমালা প্রয়োজন কেন? ২

গ. জনাব হাফিজ আর্থিক ব্যবস্থাপক হিসেবে যে কাজগুলো প্রতিষ্ঠানের জন্য করে থাকেন তা বর্ণনা করো। ৩

ঘ. জনাব হাফিজ তার প্রতিষ্ঠানে আর্থিক ব্যবস্থাপনা ছাড়াও অন্যান্য সিদ্ধান্তের মাধ্যমে কীভাবে প্রতিষ্ঠানকে এগিয়ে নিয়ে যাবেন বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

### ১১ নং প্রশ্নের উত্তর

**ক** ব্যবসায় প্রতিষ্ঠান তার তহবিল সংগ্রহ ও বিনিয়োগের জন্য যে অর্থায়ন প্রক্রিয়া ব্যবহার করে সেটি ব্যবসায় অর্থায়ন।

**খ** ব্যবসায়ে তারল্য ও মুনাফার মধ্যে ভারসাম্য রক্ষা করতে অর্থায়ন ব্যবস্থাপনার নীতিমালা প্রয়োজন।

ব্যবসায় অর্থায়ন ব্যবস্থাপনা বলতে কারবারের জন্য প্রয়োজন মাফিক তহবিল সংগ্রহ, স্বল্প ও দীর্ঘমেয়াদে সেই তহবিল বিনিয়োগ এবং বণ্টন সংক্রান্ত ব্যবস্থাপনাকে বোঝায়।

ব্যবসায় অর্থায়নে বেশ কিছু নীতির প্রয়োগ করা হয়। এসব নীতি মূলত ব্যবসায়ের তারল্য ও মুনাফার মধ্যে ভারসাম্য, চলতি ও স্থায়ী মূলধনের উৎস এবং বিভিন্ন খাতে এসব সংগৃহীত অর্থ বিনিয়োগের ব্যাপারে উপযুক্ত নির্দেশনা দেয়। আর এসব নীতির যথার্থ প্রয়োগের মাধ্যমে প্রতিষ্ঠানে সফলতা আনয়ন সম্ভব।

**সুপার টিপস্:** প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—

**গ** অর্থায়নের কার্যাবলি বর্ণনা করো।

**ঘ** চলতি বিনিয়োগ সিদ্ধান্ত ও নগদ ব্যবস্থাপনা সম্পর্কে আলোচনা করো।

**প্রশ্ন ▶ ১২** বাংলাদেশ সরকারের একটি অর্থ ব্যবস্থাপনা আছে। দেশের সার্বিক উন্নয়নে অনেক খাতে সরকারকে প্রচুর অর্থ ব্যয় করতে হয়। এসব ব্যয়ের ফলে অনেক সময় অর্থের সংকটও তৈরি হতে পারে। যেমন পদ্মা সেতু নির্মাণ ব্যয়। ◀ *শিখনফল-৩ ও ৪*

ক. অর্থায়ন বিকাশের মূল চারণভূমি কোথায়? ১

খ. দেশে বাণিজ্য ঘাটতি দেখা দেয় কেন? ২

গ. সরকার কীভাবে অর্থসংগ্রহ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. দেশের সার্বিক উন্নয়নে সরকারি অর্থায়নের গুরুত্ব মূল্যায়ন করো। ৪

### ১২ নং প্রশ্নের উত্তর

**ক** অর্থায়ন বিকাশের মূল চারণভূমি যুক্তরাষ্ট্র।

**খ** দেশে রপ্তানির তুলনায় আমদানি বেশি হওয়ায় বাণিজ্য ঘাটতি দেখা দেয়।

বাংলাদেশ প্রধানত আমদানি-নির্ভর দেশ। প্রতিবছর বিপুল পরিমাণে খাদ্যসামগ্রী, কাঁচামাল, মেশিনারিজ, ঔষধ, পেট্রোলিয়াম ইত্যাদি আমদানি করা হয়। অন্যদিকে বাংলাদেশ হতে পাট ও পাটজাত দ্রব্য, তৈরি পোশাক, কৃষিজাত দ্রব্য ইত্যাদি রপ্তানি করা হয়। এক্ষেত্রে রপ্তানি হতে আমদানি বেশি করতে হয় বলে প্রতিবছর বিরাট অঙ্কের বাণিজ্য ঘাটতি দেখা দেয়।

***সুপার টিপস্:** প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** সরকারের অর্থসংগ্রহের উপায় বর্ণনা করো।

**ঘ** দেশের সার্বিক উন্নয়নে সরকারি অর্থায়নের ভূমিকা আলোচনা করো।

**প্রশ্ন ▶ ১৩** সুমন তার ব্যবসায়ের অর্জিত আয়ের মাধ্যমে দৈনন্দিন কাজ পরিচালনা করার পর উদ্বৃত্ত সঞ্চয় করেন। তার ব্যবসায় সম্প্রসারণের জন্য দুইটি ফ্রিজ কেনা প্রয়োজন। এজন্য সে বাণিজ্যিক ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে অর্থসংস্থান করার সিদ্ধান্ত নিয়েছেন। ◀ *শিখনফল-৩ ও ৫*

ক. অর্থায়ন কাকে বলে? ১

খ. ঋণপত্র কী? ব্যাখ্যা করো। ২

গ. সুমন ব্যবসায়ের দৈনন্দিন কাজ পরিচালনার জন্যে অর্থায়নের কোন্ নীতি অনুসরণ করেন- ব্যাখ্যা করো। ৩

ঘ. সুমনের ফ্রিজ কেনার জন্য ঋণ গ্রহণের সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

### ১৩ নং প্রশ্নের উত্তর

**ক** অর্থায়ন বলতে তহবিল সংগ্রহ ও ব্যবহার সংক্রান্ত প্রক্রিয়াকে বোঝায়।

**খ** যে ঋণের দলিল বিক্রি করে কোম্পানি দীর্ঘমেয়াদি তহবিল সংগ্রহ করে তাকে ঋণপত্র বলা হয়।

এতে নির্দিষ্ট একটি সুদের হার উল্লেখ থাকে। উক্ত হারে ঋণগ্রহীতা সুদ দিতে বাধ্য থাকে। ঋণপত্রের মাধ্যমে পাঁচ বছর থেকে দীর্ঘমেয়াদি যেকোনো সময়ের জন্য ঋণ নেওয়া হয়। এক্ষেত্রে সুদের হার স্থির ও পূর্বনির্ধারিত থাকে। ফলে আর্থিক ব্যবস্থাপকরা দক্ষতার সাথে অর্থায়ন পরিকল্পনা করতে পারে।

***সুপার টিপস্:** প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** তারল্য বনাম মুনাফানীতি সম্পর্কে বর্ণনা করো।

**ঘ** ব্যবসায়ের প্রয়োজনে ঋণের উপযোগীতা আলোচনা করো।

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. ব্যবসায়িক ক্ষতির কারণ কী?**
K অপরিকল্পিত আর্থিক ব্যবস্থাপনা
L পরিকল্পিত আর্থিক ব্যবস্থাপনা
M স্বল্প শিক্ষিত উদ্যোক্তা
N দীর্ঘমেয়াদি পরিকল্পনা

**২. পরিবারের সংগৃহীত তহবিল > প্রয়োজনীয় ব্যয় = কী?**
K আয় L সম্পদ
M মুনাফা N সঞ্চয়

**৩. কোম্পানিসমূহ বড় অঙ্কের প্রয়োজনীয় মূলধন ছোট ছোট অঙ্কের শেয়ারে বিভক্ত করে কার কাছে বিক্রি করে?**
K ব্যবস্থাপক L পরিচালনা পর্ষদ
M সরকারি কর্মচারী N ক্ষুদ্র বিনিয়োগকারী

**৪. অর্থসংস্থান করতে হলে কোনটি থাকা আবশ্যক?**
K কারখানা ব্যবস্থাপনা বিষয়ক জ্ঞান
L প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ক জ্ঞান
M অর্থায়ন ব্যবস্থাপনা বিষয়ক জ্ঞান
N রক্ষণাবেক্ষণ ব্যবস্থাপনা বিষয়ক জ্ঞান

**৫. বাংলাদেশ যেসব প্রতিষ্ঠান থেকে বৈদেশিক ঋণ গ্রহণ করে থাকে—**
i. এডিবি ii. আইডিবি
iii. বিশ্বব্যাংক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।**
সিকদার সাহেব একটি এতিমখানা নিজের মায়ের নামে প্রতিষ্ঠা করেছেন। দক্ষ লোক নিয়োগ করে তিনি এর তত্ত্বাবধান করেন। এর অর্থায়নের জন্য এলাকার গণ্যমান্য ব্যক্তিদের সাহায্য গ্রহণ করেন।

**৬. সিকদার সাহেবের প্রতিষ্ঠানটি কোন ধরনের?**
K ব্যবসায়ী L অব্যবসায়ী
M সমবায় N পারিবারিক

**৭. সিকদার সাহেবের প্রতিষ্ঠানে অর্থায়ন ভূমিকা রাখতে পারে—**
i. অর্থের উৎস চিহ্নিতকরণে
ii. সম্পদের উৎস চিহ্নিতকরণে
iii. নগদ প্রবাহ প্রাক্কলনে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৮. ব্যবসায় প্রতিষ্ঠানসমূহের সময়মতো ঋণ প্রাপ্তি সম্ভব হয় না কেন?**
K কাঙ্ক্ষিত হারে মুনাফা না পাওয়া
L অনিশ্চিত প্রাতিষ্ঠানিক মুনাফা
M অসংগঠিত আর্থিক প্রতিষ্ঠান
N আর্থিক স্বল্পতা থাকায়

**৯. যে নীতি অনুসরণ করে ফার্ম প্রয়োজনমতো তারল্য সংরক্ষণ করে এবং পাশাপাশি মুনাফা অর্জনের পথ সুগম রাখে তাকে কী বলে?**
K তারল্য ও মুনাফা নীতি L ঝুঁকি-মুনাফা নীতি
M উপযুক্ততার নীতি N বৈচিত্র্যায়ন নীতি

**১০. কোম্পানির মুনাফার পরিমাণ কম হলে কী করা অসম্ভব?**
K লভ্যাংশ ঘোষণা L দুর্নাম
M শেয়ার বিক্রয় N আইন পরিবর্তন

**১১. উপযুক্ততার নীতির মূল বৈশিষ্ট্য হলো—**
i. স্বল্পমেয়াদি তহবিল দিয়ে চলতি মূলধন সরবরাহ করা
ii. দীর্ঘমেয়াদি তহবিল দিয়ে স্থায়ী মূলধন সরবরাহ করা
iii. দীর্ঘমেয়াদি তহবিল দিয়ে চলতি মূলধন সরবরাহ করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১২. ব্যবসায়ের পণ্য বৈচিত্র্যপূর্ণ হলে—**
i. ঝুঁকি বণ্টিত হয়
ii. ঝুঁকি হ্রাস পায়
iii. ঝুঁকি বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৩. রাহুল ট্রেডার্স ৫,০০০ টাকার পণ্য উৎপাদন করে তা ৭,০০০ টাকায় বিক্রয় করে। ৫০০ টাকা বিক্রয় খরচ প্রদান করলে রাহুল ট্রেডার্সের অর্জিত মুনাফা কত?**
K ১,৫০০ টাকা L ২,০০০ টাকা
M ২,৫০০ টাকা N ৩,৫০০ টাকা

**১৪. অষ্টাদশ শতাব্দীতে ফিন্যান্স কোন কাজে নিয়োজিত ছিল?**
K আর্থিক বিবরণীর বিচার-বিশ্লেষণে
L বিক্রেতার মোট বিক্রয় হ্রাসকরণে
M মুনাফা ও নগদ প্রবাহ বৃদ্ধিকরণে
N তারল্য ও মুনাফার মধ্যে ভারসাম্যকরণে

**১৫. ১৯৭০-এর দশকে অর্থায়নের প্রধান উদ্দেশ্য কী ছিল?**
K পণ্যের বিক্রয়মূল্য নির্ধারণ
L মুনাফা ও নগদ প্রবাহ বৃদ্ধিকরণ
M শেয়ারের বাজারদর সর্বাধিকরণ
N ব্যবসায়ের বৈচিত্র্যায়ন ও ঝুঁকি বণ্টন

**১৬. ব্যবসায় অর্থায়নের বিভিন্ন তত্ত্বের বিশ্লেষণ দেয়া হয় কোন সময়ে?**
K ১৯৪০-এর দশকে L ১৯৫০-এর দশকে
M ১৯৬০-এর দশকে N ১৯৭০-এর দশকে

**১৭. বিশ্ব বাণিজ্য সংস্থার আত্মপ্রকাশের ফলে কী হয়?**
K আমদানি-রপ্তানির প্রতিবন্ধকতা হ্রাস পায়
L শেয়ারের বাজারদর সর্বাধিকরণ হয়
M মূলধনি কাঠামো অজ্ঞনির্ভর হয়
N দীর্ঘমেয়াদি বিনিয়োগ অত্যধিক বৃদ্ধি পায়

**উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও।**
'ওসান পাবলিক লি.'-এর ব্যবসায় সম্প্রসারণের জন্য মূলধন প্রয়োজন। কোম্পানিটি শেয়ার বিক্রির মাধ্যমে সংগৃহীত মূলধন দিয়ে প্রতিষ্ঠানের জন্য দুটি মেশিন ক্রয় করে।

**১৮. 'ওসান পাবলিক লি.'-এর শেয়ার বিক্রির মাধ্যমে মূলধন সংগ্রহ করাকে কী বলা হয়?**
K আয় সিদ্ধান্ত L ব্যয় সিদ্ধান্ত
M বিনিয়োগ সিদ্ধান্ত N মুনাফা সিদ্ধান্ত

**১৯. 'ওসান পাবলিক লি.'-এর শেয়ার মূলধন দিয়ে মেশিন ক্রয়কে কোন ধরনের সিদ্ধান্ত বলে?**
K আয় সিদ্ধান্ত L অর্থায়ন সিদ্ধান্ত
M ব্যয় সিদ্ধান্ত N মুনাফা সিদ্ধান্ত

**২০. নগদ প্রবাহ থেকে কী নির্ণয় করা হয়?**
K পণ্য বিক্রয়ের পরিমাণ L মুনাফা
M অনুপার্জিত আয় N শেয়ারের পরিমাণ

**২১. স্থায়ী ব্যয় নির্বাহ করতে কোন উৎস থেকে অর্থ সংগ্রহ করা হয়?**
K মধ্যমেয়াদি L দীর্ঘমেয়াদি
M স্বল্পমেয়াদি N অনির্দিষ্ট মেয়াদি

**২২. তারল্য ঘাটতির সৃষ্টি হয়—**
i. বেশি বিনিয়োগে
ii. কম বিনিয়োগে
iii. বেশি উৎপাদনে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৩. জালাল উচ্চশিক্ষায় শিক্ষিত হয়ে ব্যবসায় করতে আগ্রহী। এজন্য সে বেশ কয়েকটি প্রকল্প সম্পর্কে ধারণা লাভ করে। নতুন ব্যবসায়ী হিসেবে সে কীভাবে প্রকল্পগুলোর মধ্যে সবচেয়ে লাভজনক প্রকল্পটি বেছে নিতে পারবে?**
K রক্ষণাবেক্ষণ বিষয়ক জ্ঞানের প্রয়োগে
L ব্যবস্থাপনা বিষয়ক জ্ঞানের প্রয়োগে
M অর্থায়ন বিষয়ক জ্ঞানের প্রয়োগে
N হিসাবরক্ষণ বিষয়ক জ্ঞানের প্রয়োগে

**২৪. দীর্ঘমেয়াদি উৎস থেকে চলতি ব্যয় নির্বাহের অর্থ সংগ্রহ করা হলে ব্যবসায়ে কীরূপ প্রভাব পড়বে?**
K নগদ প্রবাহের বাজেট তৈরি করা জটিল হবে
L প্রতিষ্ঠানে ঋণের পরিমাণ বৃদ্ধি পাবে
M উপার্জিত আয় থেকে ঋণের সুদ পরিশোধ করা অসম্ভব হবে
N দৈনন্দিন প্রয়োজন নির্বাহ করা দুরূহ হবে

**২৫. ব্যবসায় প্রতিষ্ঠানসমূহ ঋণের জন্য আবেদন করলে কাঙ্ক্ষিত সময়ের মধ্যে তা পাওয়া অসম্ভব কেন?**
K অধিক হারে সুদের ব্যবস্থা থাকায়
L প্রতিষ্ঠানের মুনাফা অনিশ্চিত হওয়ায়
M আর্থিক প্রতিষ্ঠানগুলো সুসংগঠিত না হওয়ায়
N আর্থিক স্বল্পতা থাকায়

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।**
করিম সরকারি অফিসের একজন নিরাপত্তাকর্মী। তার আয় পরিবারের ব্যয়ের জন্য যথেষ্ট নয়। তাই ছেলের লেখাপড়ার জন্য তার অর্থায়নের প্রয়োজন হয়। এজন্য মাঝে মাঝে তাকে আত্মীয়স্বজনের কাছ থেকে ধার নিতে হয়।

**২৬. করিম সাহেব তার ছেলের লেখাপড়ার খরচের জন্য কোন ধরনের অর্থায়ন করেছে?**
K প্রাতিষ্ঠানিক L পারিবারিক
M ব্যবসায় N অব্যবসায়ী

**২৭. করিমের পারিবারিক তহবিল ব্যয়ের তুলনায় বেশি হলে কোনটি করা যুক্তিসঙ্গত?**
K বিলাসী আসবাবপত্র ক্রয়
L ভবিষ্যতে ব্যবহারের জন্য সঞ্চয়
M দামি অলঙ্কার ক্রয়
N দাতব্য প্রতিষ্ঠানে দান

**২৮. তহবিল ব্যবস্থাপনার গুরুত্বপূর্ণ কাজ কোনটি?**
K অর্থ ব্যয় L তথ্য প্রকাশ
M লভ্যাংশ নীতি নির্ধারণ N অর্থের উৎস নির্বাচন

**২৯. একমালিকানা ব্যবসায়ের উৎপাদনে ব্যবহৃত ভূমি, শ্রম ও মূলধন কোন ধরনের তহবিল?**
K মালিকানাভিত্তিক অভ্যন্তরীণ তহবিল
L মুনাফাভিত্তিক অভ্যন্তরীণ তহবিল
M লভ্যাংশ সমতাকরণ তহবিল
N সঞ্চিতি তহবিল

**৩০. কোন প্রতিষ্ঠানটির অর্থায়ন প্রক্রিয়া অপেক্ষাকৃত জটিল?**
K একমালিকানা কারবার
L অংশীদারি ব্যবসায়
M সমবায় সংগঠন
N যৌথ মূলধনি কোম্পানি

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.▶**জনাব রুহুল একজন খুচরা বই বিক্রেতা। একটি স্বনামধন্য উচ্চ বিদ্যালয়ের পাশে তার দোকান। তিনি স্কুল, কলেজের পাঠ্যবইয়ের পাশাপাশি বিখ্যাত লেখকের জীবনী, শিশুতোষ রচনা ও নামকরা বইগুলোও বিক্রি করেন। ফলে ক্রেতারা তার দোকানে ভিড় করেই থাকেন।

ক. আন্তর্জাতিক অর্থসংস্থান কী? ১
খ. তহবিল সংগ্রহের বাহ্যিক উৎসগুলো জনপ্রিয় কেন? ২
গ. জনাব রুহুল কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব রুহুলের এরূপ নীতি অনুসরণের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

**২.▶**

| ধরন | 'ক' প্রতিষ্ঠান | 'খ' প্রতিষ্ঠান |
|---|---|---|
| সদস্য সংখ্যা | ১ জন | অজানা |
| গঠন | সহজ | কঠিন ও আইনি প্রক্রিয়া |
| মুনাফা | একক | শেয়ার মালিক |

ক. কৃষি ব্যাংক কোন ধরনের আর্থিক প্রতিষ্ঠান? ১
খ. লভ্যাংশ সমতাকরণ তহবিল কী? ব্যাখ্যা করো। ২
গ. 'ক' প্রতিষ্ঠানটি বেশি জনপ্রিয় কেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. ''খ' প্রতিষ্ঠানটির অর্থায়ন প্রক্রিয়া ভিন্ন ধরনের' —উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

**৩.▶**মাহিন একজন মুদি দোকানদার। পাঁচ বছর পূর্বে নিজস্ব তহবিল বিনিয়োগ করে দোকান ভাড়া নিয়ে তিনি ব্যবসায় শুরু করেছিলেন। তার সততা ও দক্ষতার কারণে ব্যবসায় পূর্বের তুলনায় এখন বেশ সম্প্রসারিত হয়েছে। সম্প্রতি দোকানের মালিক দোকানটি বিক্রি করতে চাওয়ায় মাহিন দোকানটি কেনার সিদ্ধান্ত নিয়েছিলেন। কিন্তু ব্যাংক ঋণ না পাওয়ায় তিনি দোকান কেনার সিদ্ধান্ত পরিবর্তন করলেন।

ক. বাণিজ্যিকপত্র কোন ধরনের উৎস? ১
খ. প্রাপ্য বিল বাট্টাকরণ বলতে কী বোঝায়? ২
গ. মাহিন দোকান ভাড়ার ক্ষেত্রে কোন ধরনের অর্থায়ন করেছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. মাহিনের দোকান না কেনার সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

**৪.▶**পিরোজপুর শহরের রাস্তাঘাট পুনঃনির্মাণের জন্য ২ কোটি টাকা প্রয়োজন। পিরোজপুর পৌরসভা এ অর্থ সরকারের কাছে দাবি করলে সরকার সঞ্চয়পত্র ও প্রাইজবন্ড থেকে প্রাপ্ত অর্থ এ খাতে বিনিয়োগ করে। এতে মুনাফা না হলেও সরকার এ ধরনের অলাভজনক খাতে অর্থ ব্যয় করে।

ক. একটি সফল বিনিয়োগ কোনটি বৃদ্ধিতে প্রত্যক্ষ ভূমিকা রাখে? ১
খ. দেশে প্রতিবছর বাণিজ্য ঘাটতি দেখা দেয় কেন? ২
গ. উদ্দীপকে কোন ধরনের অর্থায়নের চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে সংঘটিত অর্থায়নের মূল লক্ষ্য কী হতে পারে বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

**৫.▶**সোনালি, মিলি ও বুবলি তিন বোন মিলে 'অবন্তি' নামে একটি ডিপার্টমেন্ট স্টোরের মাধ্যমে অংশীদারি ব্যবসায় পরিচালনা করছেন। তারা ব্যবসায়ের ক্ষেত্রে নগদ অর্থ ও মুনাফার মধ্যে বিপরীত সম্পর্ক সম্বন্ধে সচেতন। এছাড়াও তারা চলতি মূলধনের ওপর বেশি জোর দেন।

ক. অর্থায়ন বিকাশের মূল চারণভূমি কোনটি? ১
খ. ব্যবসায় ঝুঁকি বণ্টন নীতি বলতে কী বোঝায়? ২
গ. 'অবন্তি' ডিপার্টমেন্ট স্টোর কেন চলতি মূলধনের ওপর গুরুত্ব দেয় তা অর্থায়নের নীতির আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. নগদ অর্থ ও মুনাফার মধ্যে বিপরীত সম্পর্ক সম্বন্ধে সচেতনতা কোন ধরনের নীতির অন্তর্গত? যুক্তি সহকারে বিশ্লেষণ করো। ৪

**৬.▶**মি. ফাহাদ ও মি. সাইদ দুই বন্ধু। তারা দুজনই প্রতিষ্ঠিত ব্যবসায়ী। ডিসেম্বর মাস শেষে মি. ফাহাদের ব্যবসায় প্রতিষ্ঠানে শ্রমিকদের মজুরি প্রদানের জন্য যথেষ্ট অর্থ ছিল না। তাই যথাসময়ে শ্রমিকদের মজুরি প্রদানের জন্য তিনি বিনিয়োগ ব্যাংক থেকে ঋণ গ্রহণের সিদ্ধান্ত নিলেন। অন্যদিকে মি. সাইদ তার প্রতিষ্ঠানের কাঁচামাল ক্রয়ের জন্য ৫০,০০০ টাকার একটি প্রাপ্য বিল তিস্তা ব্যাংকে বাট্টা করেন।

ক. অর্থায়ন কী? ১
খ. ব্যয় সিদ্ধান্ত বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের মি. সাইদের প্রতিষ্ঠানের কাঁচামাল ক্রয় থেকে অর্থায়নের কোন নীতি সম্পর্কে ধারণা পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. বিনিয়োগ ব্যাংক থেকে মি. ফাহাদের ঋণ গ্রহণ করা অর্থায়নের নীতির সঙ্গে কতটুকু সামঞ্জস্যপূর্ণ হয়েছে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৭.▶** নিউমার্কেটে মি. মুরাদের একটি শাড়ির দোকান আছে। প্রচুর বিক্রির কারণে প্রতিদিনই তিনি ব্যাংকে টাকা রেখে আসেন। এদিকে পণ্য শেষ হয়ে গেলে পুনরায় ক্রয়ের জন্য প্রায়ই তার তারল্য ঘাটতি দেখা দেয়।

ক. স্বল্পমেয়াদি অর্থায়নের প্রধান উৎস কোনটি? ১
খ. বৈচিত্র্যায়নের নীতিটি সংক্ষেপে ব্যাখ্যা করো। ২
গ. মি. মুরাদ কীভাবে সমস্যার সমাধান করবেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. মি. মুরাদের জন্য কারবারি অর্থায়নের গুরুত্ব কতটুকু তা মূল্যায়ন করো। ৪

**৮.▶** জারা গ্রুপ একটি উৎপাদনকারী ব্যবসায় প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি জনাব আনিসকে আর্থিক ব্যবস্থাপক হিসেবে নিয়োগ দিল। জনাব আনিস আর্থিক পরিকল্পনা গ্রহণ করে অর্থের প্রয়োজনীয় উৎস চিহ্নিত করেন। অর্থ সংগ্রহ করে উক্ত অর্থের যথার্থ ব্যবস্থাপনাও নিশ্চিত করেন। এতে প্রতিষ্ঠানটির উৎপাদনের চাকা সচল থাকে।

ক. PPP কী? ১
খ. শিল্প বিপ্লব সম্পর্কে ধারণা দাও। ২
গ. জনাব আনিস কোন ধরনের কাজের সাথে জড়িত? ব্যাখ্যা করো। ৩
ঘ. জারা গ্রুপের উৎপাদনের চাকাকে সচল রাখতে জনাব আনিসের কাজটির ভূমিকা মূল্যায়ন করো। ৪

**৯.▶** স্ট্যান্ডার্ড গ্রুপ একটি উৎপাদনকারী ব্যবসায় প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপক জনাব মাসুদ হাসান আর্থিক পরিকল্পনা গ্রহণ করেন। তিনি অর্থের উৎস নির্ধারণ করেন এবং সে অনুযায়ী অর্থ সংগ্রহ করেন। উক্ত প্রতিষ্ঠানটি একটি সফল প্রতিষ্ঠান।

ক. অর্থায়ন কীসের প্রবাহ নিয়ন্ত্রণ করো। ১
খ. বৈচিত্র্যায়নের নীতিটি ব্যাখ্যা করো। ২
গ. জনাব মাসুদ হাসান কোন ধরনের কাজের সাথে জড়িত? ব্যাখ্যা করো। ৩
ঘ. স্ট্যান্ডার্ড গ্রুপের ব্যবসায়ে সফলতার কারণ কী বলে তুমি মনে করো? ৪

**১০.▶**সজল সাহেব একটি বিনিয়োগ প্রকল্পে মূলধন বিনিয়োগ করার কথা বিবেচনা করছেন। সেখানে মূলধনের প্রয়োজন ৬০,০০,০০০ টাকা। জমি ক্রয়ের জন্য প্রয়োজন ১০,০০,০০০ টাকা এবং চলতি সম্পদ লাগবে ৫০,০০,০০০ টাকা।

ক. আধুনিক অর্থায়নের যাত্রা শুরু হয় কখন? ১
খ. অর্থায়নকে ব্যবসায়ের মূল চালিকাশক্তি বলা হয় কেন? ২
গ. সজল সাহেবের ব্যবসায় মূলধন কোন নীতির ওপর প্রতিষ্ঠিত? ব্যাখ্যা করো। ৩
ঘ. সজল সাহেবের ব্যবসায় স্থাপনের সাথে তুমি কি একমত? যুক্তি দাও। ৪

**১১.▶** বাংলাদেশ সরকার যাত্রাবাড়ি থেকে কুড়িল বিশ্বরোড পর্যন্ত ফ্লাইওভার নির্মাণের জন্য এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের সাথে ঋণ চুক্তি সম্পাদনের সিদ্ধান্ত নেয়। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক ঋণের বিভিন্ন ধরনের শর্ত জুড়ে দিলে বাংলাদেশ সরকার বিকল্প অর্থায়নের কথা ভাবল। অবশেষে সরকার নিজে ও বেসরকারি সহযোগিতায় অর্থায়নের মাধ্যমে ফ্লাইওভারটি নির্মাণের উদ্যোগ গ্রহণ করলো।

ক. আধুনিক অর্থায়নের যাত্রা শুরু হয় কখন? ১
খ. তারল্য বনাম মুনাফা নীতিটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বাংলাদেশ সরকার প্রথমত কোন ধরনের অর্থায়নের সিদ্ধান্ত গ্রহণ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে ফ্লাইওভার নির্মাণে বিকল্প অর্থায়নের উদ্যোগ গ্রহণের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

## সৃজনশীল বহুনির্বাচনি | মডেল প্রশ্নপত্রের উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | N | ৩ | N | ৪ | M | ৫ | N | ৬ | L | ৭ | K | ৮ | M | ৯ | K | ১০ | K | ১১ | K | ১২ | K | ১৩ | K | ১৪ | K | ১৫ | M |
| ১৬ | N | ১৭ | K | ১৮ | K | ১৯ | M | ২০ | L | ২১ | L | ২২ | L | ২৩ | M | ২৪ | M | ২৫ | M | ২৬ | L | ২৭ | L | ২৮ | N | ২৯ | K | ৩০ | N |